শেরপুরে বিএনপির মানববন্ধন পুলিশি বাধায় পন্ড

শেরপুরে বিএনপির মানববন্ধন পুলিশি বাধায় পন্ড হয়েছে। জেলা বিএনপির উদ্যোগে বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার চিকিৎসা ও নিঃশর্ত মুক্তির দাবীতে এ মানববন্ধনের আয়োজন করা হয়। আজ বৃহস্পতিবার বিকালে শহরের নিউ মার্কেট মোড়ে দলীয় কার্যালয়ের সামনে জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাহমুদুল হক রুবেলের নেতৃত্বে দলীয় নেতা-কর্মীরা মানববন্ধনে অংশগ্রহণ করে। মানববন্ধন চলাকালে পুলিশের বাধার মুখে অল্প সময় পরেই মানববন্ধনটি পন্ড হয়ে যায়।

এ সম্পর্কে জেলা বিএনপির সভাপতি মাহমুদুল হক রুবেল বলেন, বাংলাদেশ এখন কার্যত অকার্যকর রাস্ট্রে পরিণত হয়েছে। সাধারণ জনগণ নয়, প্রশাসনের রায়ে নির্বাচিত এ জালেম সরকার সাধারণ মানুষের কোন ন্যায্য অধিকার দিতে পারছেনা, অধিকার আদায়ে সোচ্চার হতে চাইলে সরকারি সন্ত্রাসী বাহিনী দিয়ে নির্যাতন চালানো যাচ্ছে। হামলা মামলা দিয়ে মানুষকে কোনঠাসা করা হচ্ছে। তিনি আরো বলেন, এভাবে জনগনকে বেশিদিন কোনঠাসা করে রাখা যাবে না। সকল বাধাকে উপেক্ষা করে ঐক্যবদ্ধভাবে আন্দোলনের মাধ্যমে অবৈধ এ সরকারের পতন ঘটাতে হবে। মানববন্ধনে জেলা বিএনপির সকল পর্যায়ের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।